ইত্তেফাক

002

তারিখ 4.12.80

পৃষ্ঠা 3 কলাম 6

# সরকারী কলেজ শিক্ষকদের অনশনের প্রস্তুতি

(ইত্তেফাক রিপোর্ট)

গত শনিবার সরকারী কলেজ শিক্ষক ধর্মঘটের ৭৬তম দিবস অতিবাহিত হইয়াছে। বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সম্পাদক এক বিবৃতিতে জানান যে, আগামী ৯ই ফেব্রুয়ারী হইতে 'অনশন' কর্মসূচীতে অংশ গ্রহণেচ্ছুদের ৭ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় অফিসে হাজির হওয়ার জন্য অনুরোধ জানান হইয়াছে। বিবৃতিতে তিনি উল্লেখ করেন যে, এ পর্যন্ত প্রায় একশত সদস্য অনশনে অংশ গ্রহণের জন্য নাম পাঠাইয়াছেন। বিবৃতিতে আগামী ১০ তারিখে সরকারী কলেজের প্রায় ৪ হাজার শিক্ষককে ঢাকার ৫টি নির্দিষ্ট কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য আহ্বান জানানো হয়।